**রেজিস্টার্ড নং ডি এ-১**

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, অক্টোবর ২৩, ২০১৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৬ কার্তিক ১৪২১ বঙ্গাব্দ/২১ অক্টোবর ২০১৪ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ২৪৬-আইন/২০১৪।**—স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮নং আইন) এর ধারা ১০০ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ আদর্শ কর তফসিল প্রণয়ন করিল, যথা:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ।**—(১) এই তফসিল "পৌরসভা আদর্শ কর তফসিল, ২০১৪" নামে অভিহিত হইবে।

(২) ইহা শ্রেণীভেদে দেশের সকল পৌরসভার ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই আদর্শ কর তফসিলের—

(ক) "আইন" অর্থ স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮নং আইন);

(খ) "ইমারত" অর্থ আইনের ধারা ২ এর দফা (৬) এ সংজ্ঞায়িত ইমারত;

(গ) "কর" অর্থ কোন কর, উপ-কর, রেইট, টোল, ফি, শুল্ক অথবা আইনের অধীন আরোপযোগ্য অন্য কোন কর;


**মূল্য ঃ** টাকা ৪০.০০

(ঘ) "প্রতিষ্ঠান" অর্থ সরকারী বা বেসরকারী প্রতিষ্ঠানসমূহ এবং শিক্ষা, সাংস্কৃতিক, ক্রীড়া ও সেবামূলক প্রতিষ্ঠানসমূহ। শিল্প বা বাণিজ্যিক হোল্ডিং এর বাহিরে অবস্থিত উহাদের স্বীকৃত দপ্তরসমূহও এই সংজ্ঞার অন্তর্ভুক্ত হইবে;

(ঙ) "পৌরসভা" অর্থ আইনের অধীনে গঠিত কোন পৌরসভা;

(চ) "বাজার" অর্থ আইনের ধারা ২ এর দফা (৫০) এ সংজ্ঞায়িত বাজার;

(ছ) "মালিক" অর্থ আইনের ধারা ২ এর দফা (৫৫) এ সংজ্ঞায়িত মালিক;

(জ) "হোল্ডিং" অর্থ কাহারো দখলে, স্বত্বাধিকারে বা আয়ত্ত্বাধীনে থাকা সীমানাভুক্ত ইমারত বা ভূমি;

(ঝ) "মাস" অর্থ ইংরেজি পঞ্জিকার মাস এবং "বছর" অর্থ "অর্থ-বছর"কে বুঝাইবে; এবং

(ঞ) এই তফসিলে যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনের যে অর্থে ব্যবহৃত হইয়াছে, সেই অর্থ প্রযোজ্য হইবে।

৩। **ইমারত ও ভূমির উপর কর**।—কোন পৌরসভার এলাকাভুক্ত মালিকানাধীন ও দখলস্বত্বের সকল হোল্ডিং এ অবস্থিত ইমারত ও ভূমির বার্ষিক মূল্যের উপর ৭% (শতকরা সাত ভাগ) হারে কর আরোপ করা যাইবে এবং করের অংক ভগ্নাংশ হইলে উহা পূর্ণ টাকায় নির্ধারণ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, কোন ইমারত বা ভূমি ধর্মীয় বা সরকারী দাতব্য প্রতিষ্ঠান হিসাবে ব্যবহৃত হইলে উহা হইতে হোল্ডিং কর আদায় করা যাইবে না :

আরও শর্ত থাকে যে, প্রকৃত মুক্তিযোদ্ধাদের বসবাসের নিজস্ব মালিকানাধীন হোল্ডিং এ অবস্থিত ইমারত বা ভূমির ১০০০ বর্গফুট আয়তন পর্যন্ত হোল্ডিং কর আদায়ের আওতামুক্ত থাকিবে :

আরও শর্ত থাকে যে, কোন ধর্মীয় বা সরকারী দাতব্য প্রতিষ্ঠানের অথবা মুক্তিযোদ্ধাদের নিজস্ব মালিকানাধীন ভূমি বা ইমারতের কোন অংশ বাণিজ্যিক বা লাভজনক উদ্দেশ্যে ব্যবহৃত হইলে উক্ত ইমারত বা ভূমির অংশ হইতে হোল্ডিং কর আদায়যোগ্য হইবে।

৪। **স্থাবর সম্পত্তি হস্তান্তর কর আরোপ**।—স্থাবর সম্পত্তি হস্তান্তরের ক্ষেত্রে হস্তান্তর দলিলে উল্লিখিত মূল্যের সর্বোচ্চ ২% (শতকরা দুই ভাগ) হারে কর আরোপ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, ওয়াক্‌ফ-ই-আল আওলাদ ব্যতীত নিবন্ধনকৃত ধর্মীয়, দাতব্য, ক্রীড়া বা সাংস্কৃতিক প্রতিষ্ঠানের অনুকূলে যে কোন দান বা উইল সংক্রান্ত হস্তান্তর দলিলের ক্ষেত্রে এই কর আরোপ করা যাইবে না :

আরও শর্ত থাকে যে, বৈধ ঋণ পরিশোধের জন্য কোন স্থাবর সম্পত্তি হস্তান্তর দলিলের ক্ষেত্রে এই কর আরোপ করা যাইবে না।